

ঢাকা ওয়াসা

- ১) ২০২৫-২৬ অর্থ-বছরের অনুমোদিত বার্ষিক ক্রয়-পরিকল্পনার কপি।
- ২) প্রস্তাবিত কাজের সিস্টেম ম্যাপ।
- ৩) অনুমোদিত দরের কপি।
- ৪) ক্যালকুলেশন।
- ৫) প্রাক্কলন।

বিষয়: Mass Cleaning of sewer line & manhole at Elephant road, New Elephant road, CR Dutta road, New Market, Kolabagan, North Dhanmondi and Free School Street area under MODS Zone-3, Dhaka WASA.

০১) উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মডস জোন-৩ এর আওতাধীনে এলিফ্যান্ট রোড, নিউ এলিফ্যান্ট রোড, সি আর দত্ত রোড, নিউমার্কেট, কলাবাগান, উত্তর ধানমন্ডি এবং ফ্রি-স্কুল স্ট্রীট এলাকায় ঢাকা ওয়াসার পয়ঃলাইন বিদ্যমান রয়েছে। উক্ত পয়ঃ লাইন দ্বারা সংশ্লিষ্ট এলাকার গ্রাহকগণের পয়ঃ বর্জ্য অপসারিত হয়। পয়ঃ সেবা প্রদানের মাধ্যমে ঢাকা ওয়াসার বিপুল পরিমাণ রাজস্ব আয় হয়। বর্ণিত এলাকার পয়ঃলাইন সমূহ দীর্ঘ দিনের পুরাতন এবং জরাজীর্ণ অবস্থায় আছে। ফলে উক্ত এলাকা হতে প্রায়ই সূয়ার ওভার-ফ্লো এর অভিযোগ আসে। এতে গ্রাহক অসন্তুষ্টিসহ পরিবেশ দূষিত হওয়ার পাশাপাশি মারাত্মক জনস্বাস্থ্য বিঘ্নিত হবার সম্ভাবনা তৈরী হয়। সঠিক পয়ঃ প্রবাহ বজায় রাখা, পরিবেশ দূষন রোধ ও ঢাকা ওয়াসার ভাবমূর্তি রক্ষার্থে জরুরী ভিত্তিতে সূয়ার লাইন ও ম্যানহোল সমূহে মাস ক্রিনিং কাজ করা প্রয়োজন।

০২) উপরিউক্ত বর্ণনার আলোকে বর্ণিত এলাকায় বিদ্যমান পয়ঃলাইন মাস ক্রিনিং কাজে প্রয়োজনীয় সংখ্যক সূয়ার ক্রিনার নিয়োজিত করার জন্য অনুমোদিত দর (সংযুক্ত ক্রঃ নং-৩ দ্রঃ) অনুযায়ী একটি প্রাক্কলন তৈরী করা হয়েছে। যাতে মোট ব্যয়ের পরিমাণ দাঁড়িয়েছে ৳ ২,৯৭,৬০০/- (দুই লক্ষ সাতানব্বই হাজার ছয়শত) টাকা মাত্র (সংযুক্ত ক্রঃ নং-৫ দ্রঃ)। কাজটি পিপিআর-২০২৫ এর বিধি ১০১(১)মোটাবেক Force Account অনুসরণে বাস্তবায়ন করা যেতে পারে। ঢাকা ওয়াসায় গঠনকৃত টাস্কফোর্স টিম-০২ কর্তৃক বর্ণিত মাস ক্রিনিং কাজটি মনিটরিং করা হবে। উক্ত কাজ শেষে ব্যয়কৃত টাকা অনুমোদিত ভাউচারের মাধ্যমে সমন্বয় করা হবে। কাজের ব্যয়ভার অত্র মডস জোনের ২০২৫-২৬ অর্থবছরের অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনার পয়ঃ লাইন রক্ষনাবেক্ষণ (বাজেট কোড নং-01-04-002) খাত এর থেকে বরাদ্দ ক্রমিক নং B-2(13) হতে নির্বাহ করা যেতে পারে। আলোচ্য কাজের আর্থিক ও প্রশাসনিক অনুমোদন ক্ষমতা “ব্যবস্থাপনা পরিচালক” মহোদয়ের আওতাধীন।

০৩) এমতাবস্থায়, উপরোক্ত বর্ণনার আলোকে “Mass Cleaning of sewer line & manhole at Elephant road, New Elephant road, CR Dutta road, New Market, Kolabagan, North Dhanmondi and Free School Street area under MODS Zone-3, Dhaka WASA.” শীর্ষক কাজটি বাস্তবায়নের লক্ষ্যে নিম্নোক্ত প্রস্তাব সমূহ সদয় অনুমোদন করা যেতে পারেঃ

ক) উল্লিখিত মাস ক্রিনিং কাজটি সম্পাদনের জন্য সর্বমোট ৳ ২,৯৭,৬০০/- (দুই লক্ষ সাতানব্বই হাজার ছয়শত) টাকার প্রাক্কলনটি অনুমোদন;





